তারিখ ... 18. JUN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

দৈনিক
ইত্তেফাক

# ইবির ভর্তি পরীক্ষা ১৯ থেকে ২৩ নভেম্বর

■ ইবি সংবাদদাতা

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা চলতি বছরের ১৯ থেকে ২৩ নভেম্বর অনুষ্ঠিত হবে। বুধবার সকাল ১১ টায় উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকারের কার্যালয়ে এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. শাহিনুর রহমান, ধর্মতত্ত্ব অনুষদের ডিন অধ্যাপক ড. আবুল বারাকাত মোহাম্মদ ফারুক, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. আবু সিনা, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. শামসুল আলম, রেজিস্ট্রার এ এস এম আব্দুল লতিফ, প্রক্টর অধ্যাপক ড. মো. মাহবুবর রহমান, ছাত্র-উপদেষ্টা অধ্যাপক ড. আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এ এস এম আবদুল লতিফ জানান—'২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি-পরীক্ষার সময়সূচি চেয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ থেকে নির্দেশনা পাঠানো হয়। এরই পরিপ্রেক্ষিতে বুধবার জরুরি বৈঠকের মাধ্যমে ভর্তি পরীক্ষার সম্ভাব্য প্রাথমিক সময়সূচি ১৯ থেকে ২৩ নভেম্বর নির্ধারণ করা হয়। তবে এটি চূড়ান্ত সময়সূচি নয়, বিশ্ববিদ্যালয় পরিষদ সময়সূচি চূড়ান্ত করবেন।'